‘শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি’

# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।
ওয়েব : sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১০ মার্চ ২০২২ খ্রি.।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভাপতি : জনাব মোঃ খায়রুল হুদা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-‘ক’)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান যারা করোনা ভাইরাসের গণটিকা নিয়েছেন তারা টিকা সনদ পাচ্ছেন না। এ বিষয়ে সরকারের পক্ষ থেকে কোন পদক্ষেপ নেয়া হয়েছে কিনা তিনি সভায় জানতে চান।<br>এ প্রক্ষিতে উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান গণটিকার সনদ দেয়ার বিষয়ে সরকার থেকে কোন নির্দেশনা পাওয়া যায়নি। যাদের কার্ড প্রয়োজন তাদেরকে অনলাইনে নিবন্ধন করতে হবে এবং ১ম পর্যায়ের গণটিকার কার্ড এখনও পাওয়া যায়নি। তিনি আরও জানান ২৮/০৩/২০২২ তারিখ থেকে ১২-১৭ বছর বয়সের ছাত্র-ছাত্রীদের ২য় ডোজ টিকা দেয়া হবে। | আলোচনান্তে আগামী ২৮/০৩/২০২২ তারিখের ১২-১৭ বছর বয়সের ছাত্র-ছাত্রীদের ২য় ডোজ গণটিকা কার্যক্রম সফল করতে সকল ইউ/পি চেয়ারম্যানগণকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয় এবং সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর চলমান কাজ দ্রুত বাস্তবায়ন করা হবে এবং ২য় পর্যায়ের টেন্ডার ২০/০৩/২০২২ প্রকাশ করা হবে। তিনি আরও জানান দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে ঠিকাদার নিয়োগের কার্যাদেশ প্রদান করা হবে।<br>তাছাড়া তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর উপজেলার বিভিন্ন শিক্ষা | আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর ২য় পর্যায়ের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে ঠিকাদার নিয়োগের কার্যাদেশ প্রদান করে দ্রুত কাজ বাস্তবায়ন করার এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু নিচু বেঞ্চ সরবরাহ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিষ্ঠানে উঁচু নিচু বেঞ্চ সরবরাহ (প্যাকেজ নং-INF-2019-20-609089-03) কাজের ঠিকাদার নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ না করায় কার্যাদেশ ও চুক্তিপত্র বাতিলক্রমে জামানত বাজেয়াপ্ত করে নতুন টেন্ডার আহবান করার জন্য সভাকে অনুরোধ জানান। | (প্যাকেজ নং-INF-2019-20-609089-03) কাজের ঠিকাদার নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ না করায় কার্যাদেশ ও চুক্তিপত্র বাতিলক্রমে জামানত বাজেয়াপ্ত করে নতুন টেন্ডার আহবান করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩. | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান নতুন অর্থ বছরের আওতায় ১৯৭টি গভীর নলকূপ স্থাপন এর মধ্যে ১৭০টি নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে এবং ৬৮টি নলকূপের পাটাতন পাকাকরণ সম্পন্ন হয়েছে। | আলোচনান্তে অবশিষ্ট গভীর নলকূপ স্থাপন ও পাটাতন পাকাকরণ কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সুরমা নদীর পাড়স্থ স্তুপীকৃত বালু পাথর উঠানামাকালে টোল আদায় সংক্রান্ত মহালটি ১৪২৯ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র আহবান করা হলে ধার্য তারিখ ও সময়ে তিনটি দরপত্র পাওয়া যায়। দরদাতা ১) জনাব ফারুক মিয়া, পিতা-মৃত নুর মিয়া, সাং- তেঘরিয়া, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ কর্তৃক ২০,৩৫,০০০/- (বিশ লক্ষ পঁয়ত্রিশ) টাকা, ২) জনাব মো: জুয়েল আহমদ, পিতা: মৃত- আব্দুল বারী, সাং- উত্তর আরপিননগর, সুনামগঞ্জ পৌরসভা কর্তৃক ১৮,৫০,০০০/- (আটারো লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ও ৩) জনাব মো: তারেকে রহমান, পিতা: মৃত- মহির উদ্দিন, সাং- পূর্ব তেঘরিয়া, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ কর্তৃক ৪০,৮০,০০০/- (চল্লিশ লক্ষ আশি হাজার) টাকা দর দাখিল করেন। তন্মধ্যে জনাব মো: তারেকে রহমান, পিতা: মৃত- মহির উদ্দিন, সাং- পূর্ব তেঘরিয়া, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ কর্তৃক ৪০,৮০,০০০/- (চল্লিশ লক্ষ আশি হাজার) টাকার দরটি সর্বোচ্চ। যা সরকারি ইজারামূল্য ৪০,৭০,০০০/-(চল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকার চেয়ে ১০,০০০/- (দশ হাজার) টাকা বেশী। এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সরকারি রাজস্ব স্বার্থে সর্বোচ্চ দরদাতা জনাব মো: তারেকে রহমান, পিতা: মৃত- মহির উদ্দিন, সাং- পূর্ব তেঘরিয়া, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ কর্তৃক ৪০,৮০,০০০/- (চল্লিশ লক্ষ আশি হাজার) টাকা ইজারামূল্যে সুরমা নদীর পাড়স্থ স্তুপীকৃত বালু পাথর উঠানামাকালে টোল আদায় সংক্রান্ত মহালটি ১৪২৯ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান ভুর্তুকি মুল্যে কৃষকদের হারভেস্টার মেশিন ক্রয়ের আবেদন ১৫ মার্চ ২০২২ তারিখের মধ্যে করতে হবে। তিনি আরও জানান প্রাপ্ত আবেদনসমূহ উপজেলা কমিটিতে যাচাই বাছাই করে উপকারভোগী নির্বাচন পূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর তালিকা প্রেরণ করা হবে। | আলোচনান্তে হারভেস্টার মেশিন ক্রয়ের প্রাপ্ত আবেদনসমূহ উপজেলা কমিটিতে যাচাই বাছাই করে উপকারভোগী নির্বাচন পূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর তালিকা প্রেরণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ৬. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সভায় জানান তাদের যুব ঋণ আদায় ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তিনি আরও জানান কামার ভিটা একটি | আলোচনান্তে যুব ঋণ এর বকেয়া টাকা আদায়ের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর |

| | | | |
|---|---|---|---|
| | সমিতি নিবন্ধন করা হয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালায় থেকে যুব সংগঠনকে অনুদানের জন্য অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ জানান। | সহযোগিতা করার এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালায় হতে অনুদান পাওয়ার জন্য যুব সংগঠনকে অনলাইনে আবেদন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলার মোল্লাপাড়া ইউনিয়নে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য ০.৫০ একর জমি পাওয়া গেছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় মোহনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে দ্রুত মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য ০.৫০ একর জমির স্থান নির্বাচন পূর্বক দলিল সম্পাদন করে দাখিল করার জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে মোল্লাপাড়া ইউনিয়নের ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে এবং মোহনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য দ্রুত স্থান নির্বাচন পূর্বক দলিল সম্পাদন করে দাখিল করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান মোহনপুর ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ৮. | উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান এখন থেকে প্রতি বছর জেলে নিবন্ধন করা হয়ে থাকবে। চেয়ারম্যান, সুরমা ইউ/পি সভায় জানান অনেক লোকের জেলে কার্ড আছে কিন্তু তারা প্রকৃত মৎস্যজীবি নয়। তিনি সভায় জানান অমৎস্যজীবিদের মৎস্যজীবি তালিকা থেকে বাদ দেয়া প্রয়োজন। তাহলে প্রকৃত মৎস্যজীবিরা উপকৃত হবেন। তাই তিনি মৎস্যজীবিদের তালিকা সরবরাহ করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান। | আলোচনান্তে প্রকৃত মৎসজীবিরা যাতে জেলে নিবন্ধন করতে পারেন সেদিকে নজরদারি রাখার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় এবং মৎস্যজীবিদের তালিকা সকল ইউ/পি চেয়ারম্যানগণকে সরবরাহ করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর।<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান টিআর কাজের ২য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। তিনি দ্রুত প্রকল্প দাখিল করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে টিআর/কাবিটা কাজের ২য় কিস্তির বরাদ্দ পাওয়ার সাথে সাথে দ্রুত প্রকল্প দাখিল করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান করোনা ভাইরাস টিকার ১ম ডোজ ১২-১৭ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের দেয়া সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান গত মাসে ৫০ তম শীতকালীন খেলাধুলা সম্পন্ন হয়েছে। | আলোচনান্তে করোনা ভাইরাস টিকা ১ম ডোজ ১২-১৭ বছর বয়সী সকল ছাত্র/ছাত্রীদের ১০০% নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ১১. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান করোনা ভাইরাস সংক্রমণ হ্রাস পাওয়ায় বর্তমানে শ্রেণি কক্ষে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু | আলোচনান্তে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং মহান | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং মহান স্বাধীনতা দিবস-২০২২ উদযাপনের লক্ষ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যথাযথভাবে প্রস্তুতি নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | স্বাধীনতা দিবস-২০২২ উদযাপনের লক্ষ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যথাযথভাবে প্রস্তুতি নেয়ার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান খাদ্যবান্ধব তালিকায় যদি কোন লোক মৃত্যু বরণ করে থাকে, বিদেশ বা অন্যত্র চলে যায় অথবা অন্য কোন ভাতা/ভিজিডি পায় তাহলে তাদের তালিকা দ্রুত সংশোধন করে দেওয়ার জন্য তিনি ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | আলোচনান্তে খাদ্যবান্ধব তালিকা দ্রুত সংশোধন করে দেওয়ার জন্য তিনি ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১৩. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণভাবে উদযাপন এর জন্য ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে অতিরিক্ত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করার প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। তাই তিনি মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ জাঁকজমকপূর্ণভাবে উদযাপন করতে সংশ্লিষ্ট সকলে সহযোগিতা করার অনুরোধ জানান। | আলোচনান্তে স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ জাঁকজমকপূর্ণভাবে উদযাপন ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে অতিরিক্ত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পরিশোধ করার এবং উক্ত দিবস উদযাপনে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ১৪. | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান ফেব্রুয়ারি/২০২২ মাসে আপ্যায়ন বাবদ ২৯,৫০০/-(উনত্রিশ হাজার পাঁচশত) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৭,৮০০/-(সাত হাজার আটশত) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪,৯০০/-(চার হাজার নয়শত) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকা বিল পাওয়ার আবেদন করেন। তিনি আরও জানান উপজেলা পরিষদের পাজারো জীপ গাড়ি মেরামত বাবদ ৫৮,৯৩০/-(আটান্ন হাজার নয়শত ত্রিশ) টাকার বিল পাওয়ার আবেদন করেন। উক্ত ব্যয়িত অর্থ পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-৬৪২(৫০)

তারিখ : ২০ মার্চ ২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ............................ কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ........................ ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। অফিস কপি/মাস্টার ফাইল।

20.3.22

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি :

মাসের নাম : মার্চ/২০২২ইং

সভার তারিখ: ১০/০৩/2022 সময়: ১১.০০ ঘটিকা

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ খায়রুল হুদা | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | |
| ০২ | " নাদের বখত | মেয়র<br>সুনামগঞ্জ পৌরসভা | |
| ০৩ | " নিগার সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | ১০/০৩/২২ |
| ০৪ | " মোঃ আবুল হোসেন | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | |
| ০৫ | " মোঃ আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান<br>লক্ষনশ্রী, ইউপি | |
| ০৬ | " মোঃ আবুল বরকত | চেয়ারম্যান<br>কুরবাননগর, ইউপি | |
| ০৭ | " মোঃ নুরুল হক | চেয়ারম্যান<br>মোল্লাপাড়া, ইউপি | ১০/০৩/২২ |
| ০৮ | " মোঃ সামছুল ইসলাম | চেয়ারম্যান, কাঠইর, ইউপি | |
| ০৯ | " মোঃ আব্দুল হাই | চেয়ারম্যান<br>রঙ্গারচর, ইউপি | |
| ১০ | " মোঃ আমির হোসেন রেজা | চেয়ারম্যান<br>সুরমা, ইউপি | |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | জনাব রসিদ আহাম্মেদ | চেয়ারম্যান জাহাঙ্গীরনগর, ইউপি. | |
| ১২. | " মো: শওকত আলী | চেয়ারম্যান গৌরারং, ইউপি. | (signature) |
| ১৩. | " মো: মর্দন-উল-হক | চেয়ারম্যান, মোহনপুর, ইউপি. | (signature) |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি:

মাসের নাম: মার্চ/২০২২ইং

সভার তারিখ: ১০/০৩/২২ সময়: ১১.০০ ঘটিকায়

| নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব ইমরান শাহারীয়ার | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর | |
| ২. | " ডা: সৌমিত্র চক্রবর্তী | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর. | |
| ৩. | " মো: সালাহ উদ্দিন টিপু | উপজেলা কৃষি অফিসার সুনামগঞ্জ সদর | পক্ষে, [signature] |
| ৪. | " ডা: মোহাম্মদ আব্দুল আউয়াল ভূঁইয়া | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ৫. | " ~~প্রশান্ত দে.~~ মো: জাহিদুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অ.দা.) সুনামগঞ্জ সদর। | [signature] |
| ৬. | " আনোয়ার হোসেন. | উপজেলা প্রকৌশলী সুনামগঞ্জ সদর। | [signature] 10.3.22 |
| ৭. | " ~~ইফতিয়ার উদ্দিন চৌধুরী~~ মো: আ: আউয়াল | অফিসার ইন-চার্জ সুনামগঞ্জ সদর, মডেল থানা | [signature] |
| ৮. | " অশোক রঞ্জন পুরকায়স্থ. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সুনামগঞ্জ সদর। | [signature] |
| ৯. | " এনামুর রহিম বাবর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১০. | " বেনু গোপাল দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক. সুনামগঞ্জ সদর, | [signature] |
| ১১. | " বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী | উপজেলা প.প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১২. | " মো: শাহিনুর আলম | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সুনামগঞ্জ সদর, | পক্ষে [signature] |
| ১৩. | " মো: আইনুল ইসলাম ভূঁইয়া | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর, | [signature] |
| ১৪. | " বিজিত রঞ্জন কর | উপজেলা সমবায় কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১৫. | " মানিক মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [signature] |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬. | ~~জনাব মিন্টু সরকার~~<br>জনাব মো. শিবলী নোমান মুনিম | পরিসংখ্যান কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১৭. | " | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>সুনামগঞ্জ সদর। | |
| ১৮. | " চয়নব্রত ~~চক্রবর্তী~~ চৌধুরী | উপজেলা রেঞ্জ কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১৯. | " উত্তম কুমার রায় | উপজেলা নির্বাচন অফিসার<br>সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২০. | " ~~সাইদুর রহমান সেলিম~~<br>আব্দুল ওয়াহাব | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২১. | " অসীম বরন তালুকদার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২২. | " আব্দুল্লাহ আল মামুন | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২৩. | " মো: সেলিম আহমদ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক<br>সুনামগঞ্জ সদর। | |
| ২৪. | " সৈয়দ আহমদ শাহজাহান | ইন্সট্রাক্টর, ইউআরসি<br>সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২৫. | " শেখ আব্দুর রব | ইউডিএফ, ইউপিভিপি, এলজিইডি<br>সুনামগঞ্জ সদর। | [signature] |